

# Visit of External Affairs Minister, Dr. S. Jaishankar, to New Zealand and Australia (October 05-11, 2022)

October 03, 2022

## বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শংকরের নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়া সফর (অক্টোবর 05-11, 2022 )

অক্টোবর 03, 2022

বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শংকর 05 -11 অক্টোবর 2022 –এ নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়া সফর করবেন।

2. বিদেশমন্ত্রীর এটি প্রথম নিউজিল্যান্ড সফর হবে। বিদেশমন্ত্রী 06ই অক্টোবর তারিখে অকল্যান্ডে, নিউজিল্যান্ডে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের অসাধারণ সাফল্য এবং অবদানের জন্য তাদের সম্বর্ধনা জ্ঞাপনের একটি অনুষ্ঠানে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী হার এক্সলেপ্সি শ্রীমতী জাসিন্ডা আরডার্ন-এর সাথে অংশগ্রহণ করবেন। উভয় নেতা নিউজিল্যান্ডে ভারতের আজাদি কা অমৃত মহোৎসব স্মরণে এবং প্রদর্শনে ভারত@75 ডাকটিকিট প্রকাশ করবেন। বিদেশমন্ত্রী ‘মোদী @20: ড্রিমস মিট ডেলিভারী’ বইটিও প্রকাশ করবেন। শিখ সম্প্রদায়ের সাথে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর বিশেষ বন্ধনের প্রদর্শন স্বরূপ ‘ হার্টফেল্ট-দ্য লীগ্যাসী অব ফেইথ’ বইটিও প্রকাশিত হবে।

3. আমাদের সম্পর্কের আদ্যন্ত পর্যালোচনা ও আলোচনা করার জন্য বিদেশমন্ত্রী, নিউজিল্যান্ডের বিদেশমন্ত্রী হার এক্সলেপ্সি শ্রীমতী নানাইয়া মাহতার সাথে অকল্যান্ডে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। তিনি হার এক্সলেপ্সি শ্রীমতী প্রিয়াঙ্কা রাধাকৃষ্ণণ, কমিউনিটি ও ভলান্টারি সেক্টর, ডাইভারসিটি, ইনক্লুসন অ্যান্ড এথনিক কমিউনিটি অ্যান্ড ইয়ুথ মন্ত্রী, একজন প্রথম ভারতীয় বংশোদ্ভূত মহিলা যিনি নিউজিল্যান্ডের মন্ত্রী হয়েছেন, সাংসদগণ, ব্যবসায়ী সম্প্রদায়ের পাশাপাশি ভারতীয় শিক্ষার্থীসহ ভারতীয় অনাবাসী সহ বিভিন্ন মন্ত্রীদের সাথেও তিনি আলাপ আলোচনা করবেন। ওয়েলিংটনে তিনি নবনির্মিত ভারতীয় হাইকমিশনার ভবনের দ্বারোদঘাটন করবেন।

4. অস্ট্রেলিয়াতে বিদেশমন্ত্রী ক্যানবেরা এবং সিডনি সফর করবেন। এই বছর বিদেশমন্ত্রীর এটি দ্বিতীয় অস্ট্রেলিয়া সফর। 2022 সালের ফেব্রুয়ারী মাসে তিনি প্রথমবার সফর করেছিলেন মেলবোর্নে কোয়াদ বিদেশমন্ত্রীদের বৈঠকে যোগদান করার জন্য। বিদেশমন্ত্রী তার অস্ট্রেলিয় সমগোত্রের হার এক্সলেপ্সি শ্রিমতি পেনি ওয়াঙ্গ-এর সাথে 13তম ফরেন মিনিস্টারস ফ্রম ওয়ার্ক ডায়লগ (এফএমএফডি)-এর আয়োজন করবেন। বিদেশমন্ত্রী অস্ট্রেলিয়ার উপ প্রধানমন্ত্রী এবং প্রতিরক্ষা মন্ত্রী হিজ এক্সলেপ্সি শ্রীযুক্ত রিচার্ড মার্লের সাথেও বৈঠক করবেন। তিনি সিডনিতে লোয়ী ইনস্টিটিউট সহ অস্ট্রেলিয়ান নেভি, সংবাদ মাধ্যম এবং চিন্তন শিবিরের সাথেও আলাপ আলোচনা করবেন।

নিউ দিল্লি

অক্টোবর 03, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.